গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির ২০২২-২৩ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী

সভাপতি	মো: জাহাঙ্গীর আলম আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
সভার তারিখ	১৯/১০/২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১০-৩০ ঘটিকা
স্থান	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের সভাকক্ষ
উপস্থিতি	হাজিরা বিবরণী সংযুক্ত

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যগণকে সভাপতি স্বাগত জানান। অতঃপর সকলের সাথে কুশল বিনিময় শেষে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলো :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে

১	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়নের অগ্রগতি, অন্তরায় ও প্রতিকার	সভার শুরুতেই আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ২য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, ২য় কোয়ার্টারে কার্যক্রম ১.১ (নৈতিকতা কমিটি সভা আয়োজন), ১.২ (নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন), ১.৩ (সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা), ১.৪ (শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন), ১.৫ (পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি) ৩.১ (সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতাদের মতামত সংরক্ষণ), ৩.৩ (কর্মকর্তা-কর্মচারীগণ কর্মবন্টন আদেশ অনুযায়ী স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করেন কিনা তা ত্রৈমাসিকভিত্তিতে যাচাইকরণ) ও ৩.৪ (কর্মকর্তা-কর্মচারী ও সেবাগ্রহীতাদের জন্য বিশুদ্ধ পানির ব্যবস্থাকরণের লক্ষ্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালে একটি ওয়াটার ফিল্টার স্থাপন) বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সভায় আলোচনাক্রমে ১.৫ (পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি) ও ৩.৪ (কর্মকর্তা-কর্মচারী ও সেবাগ্রহীতাদের জন্য বিশুদ্ধ পানির ব্যবস্থাকরণের লক্ষ্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালে একটি ওয়াটার ফিল্টার স্থাপন) এর কার্যক্রম লক্ষ্যমাত্রার নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য নেজারত ও হিসাব শাখাকে নির্দেশনা প্রদান করা হয়। সভাকালে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালে কর্মরত মহিলা কর্মকর্তা-কর্মচারীগণ জানান যে, এ কার্যালয়ে তাদের নামজ আদায়ের সু-ব্যবস্থা নেই। নামাজ আদায়ের জন্য তার একটি কক্ষ নির্ধারণ এবং কক্ষটিকে নামাজ আদায় উপযোগী করে প্রস্তুত করে দেয়ার জন্য অনুরোধ করেন। বিষয়টি নিয়ে সভায় আলোচনাঅন্তে এ কার্যালয়ের অডিট শাখা হিসেবে ব্যবহৃত কক্ষের পেছন দিকের অব্যবহৃত কক্ষ/বারান্দাটি মহিলাদের নামাজ আদায়ের নিমিত্ত প্রস্তুত করে দেয়ার জন্য সভাপতি নেজারত শাখাকে নির্দেশ প্রদান করেন।	১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের অডিট শাখা হিসেবে ব্যবহৃত কক্ষের পেছন দিকের অব্যবহৃত কক্ষ/বারান্দাটি আগামী ০১ মাসের মধ্যে এ কার্যালয়ে কর্মরত মহিলা কর্মকর্তা-কর্মচারীগণের নামাজ আদায়ের কক্ষ/স্থান হিসেবে প্রস্তুত করে প্রমাণক ছবিসহ প্রতিবেদন দাখিল করতে হবে। ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের (অফিস ভবন ও কার্যালয় চত্বরসহ) পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিপূর্বক এ কার্যক্রম পরিচালনার পূর্বের, পরিচালনাকালীন ও পরিচালনার পরবর্তী ছবিসহ প্রতিবেদন আগামী ১৫/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে দাখিল করতে হবে।	নেজারত শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।
			৩। কর্মকর্তা-কর্মচারী ও সেবাগ্রহীতাদের জন্য বিশুদ্ধ পানির ব্যবস্থাকরণের লক্ষ্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালে একটি ওয়াটার ফিল্টার স্থাপনের নিমিত্ত খাদ্য অধিদপ্তরে চাহিদাপত্র প্রেরণের মাধ্যমে প্রয়োজনীয় অর্থ বরাদ্দগ্রহণপূর্বক ওয়াটার ফিল্টার ক্রয় ও স্থাপন করে আগামী ১৫/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে।	নেজারত ও হিসাব শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: জাহাঙ্গীর আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.১৬৬.১৭.২৮৩৫

তারিখ: ৭ কার্তিক ১৪২৯
২৩ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর

২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী/বরগুনা/ঝালকাঠি/বরিশাল/ভোলা/পিরোজপুর

৩) উপ-বিভাগীয় প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

৪) সহকারী রসায়নবিদ, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

৫) জনাব মৌসুমী আক্তার, খাদ্য পরিদর্শক , আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

৬) জনাব করিমা সুলতানা, খাদ্য পরিদর্শক, হিসাব শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল- অবগতি ও কার্যার্থে

৭) জনাব মোঃ মিজানুর রহমান, প্রধান সহকারী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

৮) জনাব মোঃ লোকমান, উচ্চমান সহকারী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

৯) জনাব অনিমেষ হালদার, সহকারী উপ-খাদ্য পরিদর্শক, নেজারত শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল- অবগতি ও কার্যার্থে

১০) শাখা প্রধান, মজুদ/হিসাব/নেজারত/অডিট/মাননিয়ন্ত্রণ, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল



মো: জাহাঙ্গীর আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক